

## কবিতা সন্ধ্যা

-সাধন সরকার

(প্রথম প্রকাশ : কবিপত্র, ১ম বর্ষ: ১ম প্রকাশ; বৈশাখ, ১৩৮২ বঙ্গাব্দ)

সর্বজনবন্দিত শ্রেষ্ঠ বংগজ কবি সব  
গর্বে বুক ভরে, শ্রদ্ধায় নত হয় মাথা  
মুগ্ধ বিপ্লয়ে, অনুরাগে, ভালবেসে, প্রগাঢ় মমতায়  
বর্ণেও বর্ণচ্ছটায় ছবি ঐঁকেছিল।  
ছন্দিত সুরে সুরে, অপূর্ব সব নাম,  
সোনার বাঙলা, রূপসী বাঙলা, বাংলাদেশ, আমাদেরি বাঙলারে।  
কিন্তু তুমি আমি কি অধম  
নিম্নবিত্ত গোলকধাঁধানো আঁখি মেলে  
মধুর মননের সৌন্দর্যে মন ভরাতে চেয়ে হেঁচট খাই,  
প্রচণ্ড বিপ্লয়ে স্থির ধ্রুবতারাটাকে সরে যেতে দেখি,  
নন্দিত ছবির বৈপরীত্যে আঘাত পেয়ে বোবা হই,  
বিস্ফারিত চোখ দ্যাখে  
উল্লসিত শকুনি, গৃহিনী- উলংগ কংকাল মিছিল  
মৃত শুকনো স্তন চোষা শিশু  
মুমুক্ষু কৈশোর বিভ্রান্ত যৌবন অনভিজ্ঞ প্রৌঢ়ত্ব  
সৌন্দর্যহীন, আনন্দহীন, কবিতাহীন  
হীনমন্য রোগে ভোগা, শ্রেষ্ঠ বংগজ কবিদের অ- দেখা  
হীন বঙ্গছমি।  
এছবি দেখে কবিতা আসে না মনে  
চটা মন, ফাটা কল্জে অগুণ্টি চিন্তার জট  
শোক, হতাশা, নিরানন্দ নৈরাজ্যে কখনও কি কবিতা সৃষ্টি হয় ?  
জন্মে শুধু ঘৃণা, বাড়ে ক্রোধ,  
সংকল্প দৃঢ় হয়, দৃঢ় হয় বিশ্বাস, প্রত্যয়।  
অগ্রজ কবিদের দেখা সেইসব ছবি মনে রেখে  
প্রতারক কে ? খুঁজে নিতে হয়।

---\*\*---